অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/16/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সাউদার্ন টিয়ার এবং ফিঙ্গার লেকস জুড়ে ব্রীজ প্রতিস্থাপন প্রকল্পে 10.1 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

তিনটি প্রকল্প মূল ভ্রমণ করিডোর ধরে সুরক্ষা এবং গতিশীলতা এবং স্থিতিস্থাপকতা বাড়িয়ে দেবে

পুরনো তপ্পান জি ব্রিজ থেকে মালামালগুলোর পুনঃব্যবহার অন্তর্ভুক্ত করে

বিনিয়োগটি "সাউদার্ন টিয়ার সোরিং" এর সম্পূরক, এটি কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতির বিকাশ করতে অঞ্চলের সমন্বিত কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ব্রিজ প্রতিস্থাপন প্রকল্পের একটি ত্রিমুখী কাজ শুরু হচ্ছে যা ওয়েস্টার্ন সাউদার্ন টিয়ারের মূল ভ্রমণ করিডোরগুলোতে সুরক্ষা এবং গতিশীলতা বাড়িয়ে দেবে। প্রকল্পগুলো এই অঞ্চলের পরিবহন অবকাঠামোতে 10.1 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রতিনিধিত্ব করে যা পথচারী এবং সাইকেল চালক সহ সিস্টেমের সকল ব্যবহারকারীর জন্য অ্যাক্সেস সম্প্রসারিত করার পাশাপাশি তীব্র বিরূপ আবহাওয়ার বিপরীতে স্থিতিস্থাপকতা উন্নয়ন করবে। নিউ ইয়র্কবাসীদের একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জগুলো মিটায় এমন একটি পরিবহন নেটওয়ার্ক প্রদান করার জন্য সকল উপলভ্য রিসোর্স ব্যবহার করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে জোর দিয়ে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation, NYSDOT) দ্বারা পরিচালিত এই কাজটি পুরনো তপ্পান জি ব্রিজ থেকে পুনর্ব্যবহারযোগ্য মালামালগুলোও ব্যবহার করবে।

"নিউ ইয়র্ক স্থানীয় কমিউনিটি এবং আঞ্চলিক অর্থনীতিগুলিকে সংযুক্ত থাকতে এবং বৈশ্বিক অর্থনীতিতে প্রতিযোগিতায় থাকার জন্য প্রয়োজনীয় পরিবহন নেটওয়ার্ক দেওয়ার জন্য আমাদের স্টেটের অবকাঠামোতে প্রয়োজনীয় বিনিয়োগ করতে দৃঢ়প্রতিজ্ঞ," **গভর্নর হোকল বলেন।** "বাসিন্দা ও দর্শনার্থীদের জন্য একইভাবে ওয়েস্টার্ন সাউদার্ন টিয়ারের মধ্য দিয়ে ভ্রমণ করা এবং এই অঞ্চলের সমস্ত অফার উপভোগ করা সহজ করে তোলার মাধ্যমে এই ব্রীজ প্রকল্পগুলো আগামী কয়েক দশক ধরে উন্নত যাতায়াত ব্যবস্থা এবং স্থিতিস্থাপকতা প্রদান করবে। এবং তপ্পান জি ব্রিজ থেকে পুনর্ব্যবহারযোগ্য মালামালগুলো ব্যবহার করে, আমরা সময় সাশ্রয় করছি এবং ব্যয়ও হ্রাস করছি।"

পুরনো টপ্পান জি ব্রিজ থেকে ব্রিজ ডেক প্যানেলগুলো, যা 2017 সালে বিচ্ছিন্ন করা হয়েছিল, স্টুবেন কাউন্টির ক্যানিস্টিও শহরে সুগার ক্রিক এবং বেনেটস ক্রিকের উপর দিয়ে স্টেট রুট 248 বহনকারী ব্রিজগুলো প্রতিস্থাপনের জন্য 4.8 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের অংশ হিসাবে ব্যবহৃত হচ্ছে। পুনরায় ব্যবহৃত ডেক প্যানেলগুলো নতুন কাঠামো তৈরির জন্য যা পুরনো হয়ে যাওয়া সুগার ক্রিক ব্রিজ যা মূলত 1939 সালে নির্মিত হয়েছিল এর স্থলে নতুন নির্মিত অ্যাবাটমেন্টগুলোতে স্থাপন করা হবে। বেনেটের ক্রিক ব্রিজ, যা 1974 সালে নির্মিত হয়েছিল, একটি নতুন মাল্টি-গার্ডার ব্রিজ দ্বারা এটিও প্রতিস্থাপন করা হবে। উভয় নতুন ব্রিজ তীব্র বিরুপ আবহাওয়ার বিপরীতে স্থিতিস্থাপকতা উন্নত করতে আবহাওয়া প্রতিরোধী কংক্রিট এবং অন্যান্য উপকরণ ব্যবহার করবে। সাইকেল চালক এবং পথচারীদের আরো ভালোভাবে সমন্বয় করার জন্য তাদের আরো প্রশস্ত শোল্ডার থাকবে।

স্টেট রুট 248 ডাউনটাউন ক্যানিস্টিওর জন্য একটি প্রধান অ্যাক্সেস রোড এবং সুগার ক্রিক এবং বেনেটস ক্রিকের প্রতিস্থাপন গত বছর সম্পন্ন হওয়া ভিলেজের শহরতলির অঞ্চলটির সুরক্ষা বাড়াতে এবং সুন্দর করার জন্য NYSDOT-এর 8.6 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রশংসা করে। নির্মাণের সময়, সাইটে একটি অস্থায়ী ব্রিজ স্থাপনের মাধ্যমে সুগার ক্রিকের উপর দিয়ে ট্র্যাফিক চালু রাখা হবে। ট্র্যাফিককে এক লেনে নামিয়ে আনা এবং অস্থায়ী সংকেত দ্বারা নিয়ন্ত্রণ করার মাধ্যমে বেনেটস ক্রিক ব্রিজটি পর্যায়ক্রমে সম্পন্ন হবে। চলতি বছরের শেষ নাগাদ উল্লেখযোগ্য নির্মাণ কাজ শেষ হবে বলে আশা করা হচ্ছে।

এ বছর বাস্তবায়িত অন্যান্য বিনিয়োগের মধ্যে রয়েছে:

- ইয়েটস কাউন্টির মিলো টাউনের উইলো গ্রোভ ক্রিকের উপর দিয়ে স্টেট রুট 54 বহনকারী ব্রিজটি প্রতিস্থাপনের জন্য **3 মিলিয়ন মার্কিন ডলার**। প্রকল্পটি মূল কাঠামো, 1938 সালে নির্মিত একটি ইস্পাত গার্ডার সেতু দিয়ে প্রতিস্থাপন করবে। নতুন ব্রিজে গ্যালভানাইজড স্টীল উপাদানগুলো এবং একটি কম্পোজিট কংক্রিটের ডেক থাকবে যা আরো আবহাওয়া প্রতিরোধী এবং প্রত্যাশিত 75 বছর মেয়াদী পরিষেবা প্রদান করবে। নতুন ব্রীজে সাইকেল চালক এবং পথচারীদের আরো ভালোভাবে সমন্বয়ের জন্য প্রশস্ত শোল্ডার থাকবে। স্টেট রুট 54 ফিঙ্গার লেকসের কেন্দ্রস্থলে অবস্থিত, কেউকা লেকের পূর্ব দিক বরাবর উত্তর থেকে দক্ষিণে চলছে এবং এই রুটে গাড়ি পাওয়া যায় এমন অনেকগুলো ওয়াইনারিতে অগণিত দর্শনার্থীকে অ্যাক্সেস প্রদান করে। মূল ব্রিজটি ভাঙার কাজ শুরু হয় 10 এপ্রিল এবং পুরো প্রকল্পটি এই বছরের শরতে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

- শুইলার কাউন্টির রিডিং শহরের রক স্ট্রিম ক্রিকের উপর দিয়ে স্টেট রুট 14A বহনকারী সেতুটি প্রতিস্থাপনের জন্য **2.3 মিলিয়ন মার্কিন ডলার**। প্রকল্পটি মূল কাঠামো যা 1926 সালে নির্মিত হয়েছিল প্রতিস্থাপন করবে, একটি কংক্রিট খিলান ব্রিজ দিয়ে যা প্রশস্ত শোল্ডারের ফিচারযুক্ত হবে এবং প্রত্যাশিত 70 বছর মেয়াদী পরিষেবা থাকবে। স্টেট রুট 14A ফিঙ্গার লেকস অঞ্চলের একটি গুরুত্বপূর্ণ অ্যাক্সেস রোড এবং ওয়াটকিন্স গ্লেন ভিলেজের সাথে সম্পর্কিত, যা ওয়াটকিন্স গ্লেন স্টেট পার্ক এবং ওয়াটকিন্স গ্লেন ইন্টারন্যাশনালের মতো

আকর্ষণকে ছড়িয়ে দেয়, যা বিশ্বজুড়ে গাড়ির প্রতি উদ্যোমীদের জন্য একটি রেসিং ট্র্যাক লক্ষ্য। প্রকল্পটি এই বছরের শরতে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি থেরেস ডোমিনগুয়েজ বলেন, "গভর্নর হোকল বুঝতে পেরেছেন যে আমাদের স্টেটের কমিউনিটি এবং পরিবহন অবকাঠামোতে বিনিয়োগ করে আমরা আমাদের দীর্ঘমেয়াদী পরিবেশগত ও অর্থনৈতিক টেকসইয়ের জন্য একটি মৌলিক প্রতিশ্রুতি দিচ্ছি। তপ্পান জি ব্রিজ থেকে ব্রিজের ডেকগুলি পুনর্ব্যবহার করা ওয়েস্টার্ন সাউদার্ন টিয়ারের এই প্রকল্পগুলোকে আরো ব্যয়বহুল করে তোলে এবং আমাদের স্থানীয় কমিউনিটিগুলিকে আরো শক্তিশালী, আমাদের অবকাঠামোকে আরো স্থিতিস্থাপক এবং অর্থনীতিকে আরও প্রাণবন্ত করে তুলতে আগামী কয়েক দশক ধরে এই অঞ্চল জুড়ে লোকজন সমাগম ও বাণিজ্য প্রবাহিত রাখতে সহায়তা করবে।"

থ্রুওয়ে কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক ফ্রাঙ্ক জি. হোয়ার বলেন, "তপন জি ব্রিজ নতুন উদ্দেশ্য নিয়ে টিকে আছে। থ্রুওয়ে কর্তৃপক্ষ কয়েক বছর আগে এই কংক্রিট ডেক প্যানেলগুলো আলাদা করার সিদ্ধান্ত নিয়েছিল যাতে এগুলো নিউ ইয়র্ক স্টেট জুড়ে কৌশলগতভাবে পুনরায় ব্যবহার করা যেতে পারে। করদাতাদের অর্থ সাশ্রয় এবং স্থানীয় কমিউনিটির উপকারে সরকারের সকল স্তরের একসাথে কাজ করার এটি একটি দুর্দান্ত উদাহরণ।"

অ্যাসেম্বলিমেম্বার ফিল পালমেসানো বলেন, "শুইলার, স্টুবেন এবং ইয়েটস কাউন্টিতে আমার অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট জুড়ে কাজের জন্য নির্ধারিত এই ব্রিজ প্রতিস্থাপন প্রকল্পগুলো স্থানীয় অবকাঠামোর গুরুত্বের কথা বলে এবং এটি একটি নিরাপদ এবং নির্ভরযোগ্য পরিবহন নেটওয়ার্কের একটি গুরুত্বপূর্ণ এবং অতি প্রয়োজনীয় অংশ। আমাদের রাস্তা এবং ব্রিজগুলো স্থানীয় বাসিন্দা, প্রথম রেসপন্ডার, প্রতিদিনের যাত্রী, পর্যটক এবং যারা এই রাস্তাগুলো ভ্রমণ করে তাদের দ্বারা ব্যবহৃত দৈনন্দিন ভ্রমণের একটি প্রয়োজনীয় অংশ। আমি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ ট্রান্সপোর্টেশন কমিশনার ডোমিনগুয়েজ এবং NYS ডিপার্টমেন্ট অভ ট্রান্সপোর্টেশনকে আমাদের পরিবহন ব্যবস্থার উন্নতির লক্ষ্যে তাদের অব্যাহত প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাতে চাই"।

অ্যাসেম্বলিমেম্বার জোসেফ এম. গিগলিও বলেন, "ক্যানিস্টিও এবং স্টুবেন কাউন্টির বাসিন্দাদের জন্য এটি দারুণ খবর। সুগার ক্রিক এবং বেনেটস ক্রিকের উপর দিয়ে স্টেট রুট 248 বহনকারী এই ব্রিজগুলো প্রতিস্থাপন করাটা ভ্রমণকারী জনসাধারণের জন্য সুরক্ষা বাড়িয়ে তুলবে যেহেতু তারা পুরো অঞ্চল জুড়ে ভ্রমণ এবং ব্যবসা করে। কাজ শুরু হওয়ার সাথে সাথে আমি গাড়ি চালকদের এই প্রকল্পগুলিতে DOT নির্মাণ শ্রমিকদের সুরক্ষার জন্য ধীর গতিতে এবং সতর্ক থাকতে অনুরোধ করছি। আমি ধন্যবাদ জানাতে চাই গভর্নর হোকলকে এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ ট্রান্সপোর্টেশনকে এই প্রকল্পগুলোকে অগ্রাধিকার দেওয়ার জন্য।"

স্টুবেন কাউন্টি আইনসভার চেয়ারম্যান কেলি ফিটজপ্যাট্রিক বলেন, "আমরা স্টুবেন কাউন্টি অবকাঠামোতে নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত বিনিয়োগের প্রশংসা করি। এ ধরনের প্রকল্প

আমাদের কমিউনিটি ও অর্থনীতিকে শক্তিশালী করছে। ব্রিজ প্রকল্পে অর্থায়নের প্রতিশ্রুতি সকল করদাতাকে উপকৃত করবে।”

ক্রুদের এই প্রকল্পগুলো সম্পূর্ণ করতে সক্ষম হওয়ার জন্য লেন এবং রাস্তা বন্ধ করার প্রয়োজন হতে পারে। সেগুলো এবং যানজটের অন্যান্য প্রভাবগুলো নির্মাণের পুরো মৌসুমে যোগাযোগ সমন্বয় করা হবে।

সমস্ত নির্মাণ কার্যক্রম আবহাওয়া নির্ভর। কর্ম অঞ্চলসমূহে গতিসীমা অতিক্রম করার জরিমানা দ্বিগুণ, এ কথা মোটর চালকদের মনে করিয়ে দেওয়া হয়েছে। ওয়ার্ক জোন নিরাপত্তা আইন 2005 অনুযায়ী, একটি ওয়ার্ক জোনে দুই বা তার বেশি গতিসীমা লঙ্ঘনের ফলে কোনো ব্যক্তির ড্রাইভার লাইসেন্স স্থগিত করা হতে পারে।

বাস্তব-সময়ের ভ্রমণ তথ্যের জন্য, মোটরচালকেরা 511-এ ফোন করতে, www.511NY.org ভিজিট করতে বা 511NY অ্যাপটি বিনামূল্যে ডাউনলোড করতে পারে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনকে টুইটারে ফলো করুন @NYSDOT এ এবং @NYSDOTRochester এ। ফেসবুকে আমাদের খুঁজে পাবেন এই ঠিকানায় facebook.com/NYSDOT।

সাউদার্ন টিয়ারকে ত্বরান্বিত করা
আজকের ঘোষণাটি "সাউদার্ন টিয়ার সোরিং" এর সম্পূরক, যা বলিষ্ঠ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের বিকাশ সৃষ্টি করতে অঞ্চলটির সার্বিক কৌশল। আঞ্চলিকভাবে নকশা করা পরিকল্পনাটির উদ্দেশ্য একটি মেধাবী কর্মীবাহিনীকে আকৃষ্ট করা, ব্যবসার বিকাশ করা এবং পরবর্তী প্রজন্মের উদ্ভাবনকে চালিত করা। আরও তথ্য এখানে রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন